গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১৮/০১/২০২৩ তারিখ সকাল ১০.৩০ টা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় । |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) । |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের গত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিশাখা/ শাখা ভিত্তিক বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদকরণ | মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট, সুশাসন সংক্রান্ত সেবাবক্স যথাযথভাবে নিয়মিত হালনাগাদ করা হয়। ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ০৮-০১-২০২৩ তারিখে ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত সর্বশেষ ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, সুশাসন সংক্রান্ত ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক মন্ত্রণালয়ের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। | সিস্টেম এনালিস্ট |
| ৩.২ | ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রমের হার ৯০% এ উন্নীত করা এবং কোনক্রমেই মাসে ৮৭% এর নিচে যেন না হয় সেবিষয়ে মনিটরিং জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে মাসে ০২ বার শাখাভিত্তিক মনিটরিং বিশেষত যেসব শাখায় ই-ফাইলিং এর হার কম সেসব শাখা নিয়মিত মনিটরিং এর বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রমের হার ৯০% এর উপরে রাখার নিমিত্ত মাসে ০২ (দুই) বার মনিটরিং করতে হবে এবং যাদের কার্যক্রমের হার কম তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ সিস্টেম এনালিস্ট |
| ৩.৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-এর কার্যক্রম | মন্ত্রণালয়ের ২য় ত্রৈমাসিক প্রতিবেদন সময়মতো মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া কর্মকর্তাগণ এপিএ সংক্রান্ত কার্যক্রম পরিদর্শন করে দ্রুত প্রতিবেদন জমা দেয়ার বিষয়ে আলোচনা করা হয়েছে। | এপিএ এর জন্য নির্ধারিত পরিদর্শন সংক্রান্ত ০৬ টি কার্যক্রম পরিদর্শনপূর্বক আলাদাভাবে প্রতিবেদন কর্মকর্তাগণ কর্তৃক জমাদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা |
| ৩.৪ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | গত ১৪-১৫ ডিসেম্বর/২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় গৃহীত সিদ্ধান্তসমূহ SDG মূখ্য সমন্বয়কের কার্যালয় হতে পাওয়া গিয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আলোচনা করা হয়েছে। | গত ১৪-১৫ ডিসেম্বর/২০২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালার গৃহীত সিদ্ধান্তের আলোক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা) ও SDG ফোকাল |

| [illegible] নং | [illegible]ষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | | পয়েন্ট। |
| ৩.৫ | অধিশাখা/ শাখা ভিত্তিক পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন সংক্রান্ত। | অধিশাখা/শাখার পত্র প্রাপ্তি, নিষ্পত্তি ও অনিষ্পন্ন পত্র বিষয়ে অগ্রগতি পর্যালোচনা করা হয়। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পত্র নিষ্পত্তি এবং অনিষ্পন্ন পত্রের তথ্য ছক আকারে উপস্থাপনসহ অনিষ্পন্ন পত্র সংক্রান্ত তথ্য যাচাই বাছাইপূর্বক সঠিকভাবে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও সিস্টেম এনালিস্ট |
| ৩.৬ | মন্ত্রণালয়ের শাখা/ অধিশাখা পরিদর্শন | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী সকল অধিশাখা/শাখা নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদনের অনুলিপি যথাসময়ে প্রশাসন-৩ অধিশাখায় দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তাগণ শাখা/অধিশাখা ভিত্তিক পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা। |
| ৩.৭ | মন্ত্রিপরিষদ সভার সিদ্ধান্ত | **"বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০২৩":** খসড়া আইনটি ভেটিং এর জন্য ২১/১১/২০২২ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হলে ভেটিংপূর্বক এ মন্ত্রণালয়ে ফেরত প্রদান করা হয়। খসড়া বিলের সাথে সরকারি অর্থ ব্যয়ের প্রশ্ন থাকায় সংবিধানের অনুচ্ছেদ ৮২ অনুযায়ী বিলটি মহান জাতীয় সংসদে উত্থাপনের পূর্বে মহামান্য রাষ্ট্রপতির সুপারিশ গ্রহণ প্রয়োজন বিধায় অর্থ বিভাগে প্রেরণ এর বিষয়ে আলোচনা করা হয়। | খসড়া আইনটি অর্থ বিভাগে প্রেরণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপসচিব (আইন) |
| ৩.৮ | অডিট সংক্রান্ত | এ মন্ত্রণালয়ের অনিষ্পন্ন ০১টি অডিট আপত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়েছে। | মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| ৩.৯ | শুদ্ধাচার বিষয়ক কর্মপরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অর্ধ-বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (জুন-ডিসেম্বর/২০২২) (প্রমাণকসহ) এর হার্ডকপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ২য় অর্ধবার্ষিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.১০ | নথি বিনষ্টকরণ | চলতি ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন শাখা/অধিশাখার কোয়ার্টারভিত্তিক নথি বিনষ্টের বিষয়ে আলোচনা করা হয়। সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী শাখা/ অধিশাখাভিত্তিক নথি বিনষ্ট করার অগ্রগতির বিষয়ে আলোচনা করা হয়। | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী মন্ত্রণালয়স্থ শাখা/ অধিশাখাভিত্তিক নথি বিনষ্ট সংক্রান্ত তথ্য কোয়ার্টারভিত্তিক উপস্থাপন এবং বিনষ্টের তালিকা প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৩.১১ | মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত | মন্ত্রণালয়ে ডিসেম্বর/২০২২ পর্যন্ত মোট মামলার সংখ্যা ৪৩০টি, ডিসেম্বর/২০২২ মাসে ০১টি রীট মামলা পাওয়া গেছে এবং এ মাসে কোন মামলা নিষ্পত্তি হয়নি। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | উপসচিব আইন |
| ৩.১২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত | এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়ে কর্মরত ১০৫ জন কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের জন্য চলতি অর্থবছরে ২য়-৯ম গ্রেড তদুর্দ্ধ ৩৩ জন কর্মকর্তা, ১০ম গ্রেডভুক্ত ২৭ জন কর্মকর্তা, ১১-১৬ গ্রেডভুক্ত ২২ জন কর্মচারীদের ইন- | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ ব্যয়ের নির্দেশনা অনুযায়ী এপিএ-তে উল্লিখিত | উপসচিব প্রশাসন-৩ |

| ক্র নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হাউজ বিষয়ক ০৩ টি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। এপিএ এর সাথে সম্পর্কযুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং শুদ্ধাচার বিষয়ক ০৪ টি এবং মন্ত্রণালয়ের ১০ম-২০গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের ০২টি সঞ্জীবনী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ০২-৯ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের মাথাপিছু ২০ ঘন্টা, ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের মাথাপিছু ২৫ ঘন্টা, ১১-১৬তম গ্রেডভুক্ত কর্মচারীদের মাথাপিছু ২৫ ঘন্টা এবং ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের মাথাপিছু ২০ ঘন্টা প্রশিক্ষণের আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়েছে। | মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার জন্য নির্ধারিত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৩.১৩ | বিবিধ | (ক) অন্যান্য মন্ত্রণালয়ের সভায় অংশগ্রহণকারী মনোনীত কর্মকর্তাগণ কর্তৃক সভায় অংশগ্রহণ শেষে ফিডব্যাক প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করা, এক্ষেত্রে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদেয় ছক/ফরম্যাট মোতাবেক প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) অন্যান্য মন্ত্রণালয়ের সভায় অংশগ্রহণকারী মনোনীত কর্মকর্তাগণ কর্তৃক সভায় অংশগ্রহণ শেষে ফিডব্যাক প্রতিবেদন প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ, এক্ষেত্রে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদেয় ছক/ফরম্যাট মোতাবেক প্রতিবেদন প্রেরণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সকল কর্মকর্তা |
| | | (খ) এ মন্ত্রণালয়ের বেশিরভাগ শাখা/অধিশাখার টেলিফোন লাইন নষ্ট হওয়ায় এ বিষয়ে আলোচনা করা হয়। | (খ) এ বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করা হয়। | প্রশাসন অনুবিভাগ (উপসচিব/ প্রশাসন-১ অধিশাখা) |
| | | (গ) মন্ত্রণালয়ে ইঁদুর এর উৎপাত বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ নথিপত্রের নষ্ট হওয়ায় এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | (গ) মন্ত্রণালয়ের ইঁদুর নিধন অভিযান পরিচালনায় কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | প্রশাসন অনুবিভাগ (উপসচিব/ প্রশাসন-২ অধিশাখা) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০১/২৬

(ড. নাহিদ রশীদ)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়